দৈনিক ইনকিলাব

তারিখ 02 NOV 1992
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৩ ...

21

## শিক্ষাঙ্গন

### বরিশাল মেডিকেল কলেজ

গত ৩ সেপ্টেম্বর দৈনিক ইনকিলাবে প্রকাশিত ময়মনসিংহ মেডিকেল কলেজের বান্ধীর চিঠিটি পড়ে বেশ ভাল লাগল। তিনি দুঃখ প্রকাশ করেছেন যে, মাইগ্রেশনের মাধ্যমে তাদের কলেজের ছাত্র-ছাত্রী সংখ্যা বৃদ্ধি পাচ্ছে আর আমি দুঃখ প্রকাশ করছি মাইগ্রেশনের মাধ্যমে আমাদের কলেজের ছাত্র-ছাত্রী সংখ্যা হ্রাস পাচ্ছে। প্রতি বছর বেশ কিছু ছাত্র-ছাত্রী নো অবজেকশন সার্টিফিকেট এবং টিসি নিয়ে ঢাকা কিংবা ঢাকার কাছাকাছি কোন মেডিকেল কলেজে পড়বার তদ্বির চালায়। গত কয়েক বছর যাবৎ ঢাকা এবং সলিমুল্লাহ মেডিকেল কলেজে অবৈধ মাইগ্রেশন বন্ধ থাকায় প্রধান লক্ষ্যস্থল হয় ময়মনসিংহ মেডিকেল কলেজ। মাইগ্রেশনের কারণ সম্বন্ধে তারা উল্লেখ করেন যাতায়াত সমস্যা, আসলে লঞ্চে ঢাকা- বরিশাল যাতায়াতের মত আরামদায়ক ভ্রমণ দেশের আর কোন রুটে আছে বলে আমার জানা নেই। সময় একটু বেশী লাগে এই যা, কিন্তু শত শত ছাত্র-ছাত্রী তো এভাবে যাতায়াত করছে। যাদের অর্থবল এবং লোক বল আছে তাদেরই কেবল অসুবিধা হচ্ছে এবং তারা উপরোক্ত বলে যথারীতি ময়মনসিংহ মেডিকেল কলেজে এসে ভর্তি হচ্ছেন। এতে একদিকে যেমন একটি মেডিকেল কলেজের উপর চাপ বৃদ্ধি পাচ্ছে তেমনই দুর্নীতিও প্রশ্রয় পাচ্ছে। এ বিষয়টি বিবেচনা করার জন্য আমি স্বাস্থ্য মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

—সম্পা